২০২০

# বাংলা — সাধারণ

## তৃতীয় সেমেস্টার

## পত্র : CC/GE-3

## (বাংলা কাব্যকবিতা ও নাটক)

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) 'পূর্বরাগ' কী? 'পূর্বরাগ' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তোমার পাঠ্য পদ অবলম্বনে তাঁর কবিকৃতিত্বের পরিচয় দাও। ৩+১+৬

*অথবা,*

(খ) "নীরদনয়নে নীর ঘন সিঞ্চনে"— পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১০

২। (ক) 'সাধারণ মেয়ে' কবিতায় বক্তা শরৎবাবুর কাছে কীরকম গল্প লিখতে অনুরোধ করেছে তা নিজের ভাষায় লেখো। ১০

*অথবা,*

(খ) 'কেউ কথা রাখেনি' কবিতায় বক্তার আশাহত হওয়ার কারণগুলি নিজের ভাষায় লেখো। ১০

৩। (ক) 'রাজা ও রানী' নাটক অবলম্বনে রাজা বিক্রমদেবের চরিত্রটির পরিচয় দাও। ১০

*অথবা,*

(খ) 'রাজা ও রানী' নাটকের বিভিন্ন চরিত্রের সংলাপের বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

৪। (ক) "গাগরি বারি ঢারি করি পীছল / চলতহি অঙ্গুলি চাপি"— প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(খ) "আধ জনম হাম নিন্দে গোঙায়লুঁ/জরা শিশু কতদিন গেলা"— উক্তিটির তাৎপর্য কী? ৫

৫। (ক) "আধমরা হয়েও বেঁচে ওঠে"— কার কথা বলা হয়েছে? সে কেন আধমরা হয়েছিল? ১+৪

*অথবা,*

(খ) "দিনের ভাগাড়ে নামে রাত্রের শকুন"— একথা কেন বলা হয়েছে? ৫

৬। (ক) "অন্তরে প্রেয়সী তব, বাহিরে মহিষী।"— উক্তিটির তাৎপর্য সংক্ষেপে লেখো। ৫

*অথবা,*

(খ) "যুদ্ধ বীরধর্ম বটে ক্ষমা তার চেয়ে/বীরত্ব অধিক"— বক্তা একথা কেন বলেছেন? ৫

৭। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও। ৫

(ক) "বঁধু তুমি যে আমার প্রাণ"— বক্তা একথা কেন বলেছেন সংক্ষেপে লেখো।

(খ) "লোহার-গরাদ দেওয়া একতলা ঘর"— ঘরটির বর্ণনা দাও।

(গ) "সন্ধি নহে— যুদ্ধ চাই আমি।"— প্রসঙ্গ নির্দেশ করে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

(ক) "দাঁড়াইয়া নন্দের আগে গোপাল কান্দে অনুরাগে"— পদটি কার লেখা?

(খ) "দরশ পরশ লাগি আউলাইছে গা"— 'আউলাইছে' শব্দটির অর্থ কী?

(গ) "তহিঁ অতি দূরতর বাদর দোল"— অংশটি চলিত গদ্যে লেখো।

(ঘ) "বুঝিতে নারিনু বন্ধু তোমার পিরীতি"— 'নারিনু' শব্দটির অর্থ কী?

(ঙ) "সখি কি পুছসি অনুভব মোয়"— এটি কোন পর্যায়ের পদ?

(চ) 'প্রথম পূজা' কবিতায় উক্ত নৃপতির নাম কী?

(ছ) 'ছেলেটা' কবিতায় ছেলেটার বয়স কত?

(জ) "যারা সারা দিন রৌদ্রে খাটে, সারা রাত ঘুমুতে পারে না"— কোন কবিতার অংশ?

(ঝ) 'দেশ দেখাচ্ছ অন্ধকারে' কবিতায় আলপথের পাশে কোন গাছের উপস্থিতির কথা বলা হয়েছে?

(ঞ) বোষ্টুমি কবে অন্তরাটুকু শুনিয়ে যাবে বলেছিল?

(ট) 'রাজা ও রানী' নাটকে কাশ্মীরের রাজার নাম কী?

(ঠ) 'রাজা ও রানী' নাটকের কয়টি অঙ্ক ও কয়টি দৃশ্য?

(ড) শাস্ত্রহীন ব্রাহ্মণ কে ছিলেন?

(ঢ) 'রাজা ও রানী' নাটকের প্রথম অঙ্কের দ্বিতীয় দৃশ্যে নানা পেশার মানুষের কথা রয়েছে। এই অংশে কোন্ তাঁতির কথা রয়েছে?

(ণ) 'রাজা ও রানী' নাটকে জালন্ধরের মহিষীর নাম কী?

# ২০২০

## বাংলা — সাধারণ

### তৃতীয় সেমেস্টার

### পত্র : SEC-A-1

### (মুদ্রণ ও প্রকাশনা)

### পূর্ণমান : ৮০

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) একটি গ্রন্থ সম্পাদনায় সম্পাদকের ভূমিকা বিষয়ে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) বাংলা যুক্তাক্ষর বিষয়ে সংক্ষিপ্ত ধারণা দিয়ে একটি নিবন্ধ লেখো। ১০

২। (ক) মুদ্রণের ক্ষেত্রে পেজমেকার-এর ভূমিকা সংক্ষেপে লেখো। ১০

*অথবা,*

(খ) প্রকাশনার জগতে 'ইনডিজাইন'-এর ভূমিকা বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

৩। (ক) মুদ্রণপ্রমাদ সংশোধনের (প্রুফ রিডিং) সময় যে-যে বিষয়গুলির প্রতি সতর্ক থাকতে হয় তা বিস্তারিতভাবে আলোচনা করো। ১০

*অথবা,*

**(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)**

(ক) অশুদ্ধি সংশোধন করো—

পৌরহিত্য, ব্যাবসা, সান্তনা, সহ্যশীল, উৎকর্ষতা, তীর্যক, পরিশেবা, অহোরাত্রি, সান্মানিক, দূর্নীতি।

*অথবা,*

(খ) একটি পাণ্ডুলিপির গ্রন্থাকারে প্রকাশলাভের জন্য বিভিন্ন পর্যায়ের আবশ্যিক কাজগুলিকে সংক্ষেপে উল্লেখ করো। ১০

৪। *যে-কোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) টীকা লেখো — কপিরাইট

(খ) টীকা লেখো — কভারপেজ

(গ) টীকা লেখো — কোরেল ড্র

(ঘ) টীকা লেখো — স্পাইরাল বাইন্ডিং

(ঙ) গ্রন্থের ই-মার্কেটিং-এর সম্ভাবনা বিষয়ে আলোচনা করো।

(চ) একজন উপযুক্ত প্রুফ রিডারের কী কী গুণ থাকা জরুরি?

(ছ) পত্রিকার পঞ্জিকরণ বিষয়ে সংক্ষিপ্ত ধারণা উপস্থিত করো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) 'ইউনিকোড' বলতে কী বোঝো?

(খ) ব্লার্ব কী?

(গ) পি.ও.ডি. (POD) কী?

(ঘ) বইয়ের স্পাইন বলতে কী বোঝায়?

(ঙ) প্রুফের এমন একটি চিহ্নের উল্লেখ করো যা বর্তমান কম্পিউটার প্রিন্টের যুগে অচল।

*অথবা*

**(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)**

শুদ্ধ বানানটি চিহ্নিত করো— কুজ্ঝটিকা, কুজ্ঝ্‌টিকা।

(চ) আই.এস.এস.এন. (ISSN) কোথায় ব্যবহৃত হয়?

(ছ) 'এন্ড নোট' কাকে বলে?

(জ) 'বিবলিওগ্রাফি' কী?

(ঝ) 'পেপার ব্যাক' বই বলতে কী বোঝো?

(ঞ) আই.এস.বি.এন. (ISBN)-এর সম্পূর্ণ রূপটি (full form) কী?

(ট) 'ইনডিজাইন' প্রথম কোন দেশে সৃষ্টি হয়?

(ঠ) কারসর কাকে বলে?

(ড) 'জিজ্ঞাসা'—শব্দটির মধ্যস্থিত যুক্তাক্ষরটিকে বিভাজিত করে লেখো।

(ঢ) ইনডিজাইন-এর যে-কোনো একটি ব্যবহারবিধির উল্লেখ করো।

(ণ) পেজমেকার ও মাইক্রোসফ্‌ট ওয়ার্ডের মধ্যে একটি পার্থক্য উল্লেখ করো।

(ত) 'বৈষ্ণব' শব্দটিতে উপস্থিত ধ্বনিগুলিকে পর্যায়ক্রমে দেখাও।

(থ) গ্রন্থের পঞ্জিকরণের যে-কোনো একটি কারণ উল্লেখ করো।

(দ) ফ্লাইলিফ (Flyleaf) বলতে কী বোঝো?

(ধ) 'নির্ঘণ্ট' (Index) কী?

(ন) কোনো গ্রন্থের একাধিক সংস্করণ ও একাধিক মুদ্রণের মধ্যে পার্থক্য কোথায়?

---

# ২০১৯

## বাংলা - সাধারণ

### পেপার - GE/CC-3

### পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

**[Only for General Candidates.]**

১। (ক) "দাঁড়াইয়া নন্দের আগে গোপাল কান্দে অনুরাগে"— কোন পর্যায়ের পদ? পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১+৯

*অথবা,*

(খ) 'অভিসার' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তোমার পাঠ্য পদ অবলম্বনে তাঁর কবিকৃতিত্বের পরিচয় দাও। ১+৯

২। (ক) 'বাঁশি' কবিতায় হরিপদ কেরানীকে দীন জীবনযাপনের গ্লানি থেকে বাঁশির সুর কীভাবে মুক্তি দিয়েছে তা নিজের ভাষায় লেখো। ১০

*অথবা,*

(খ) 'আমার ভারতবর্ষ' কবিতায় কবির স্বদেশভাবনার প্রকাশ কীভাবে ঘটেছে তা ব্যাখ্যা করো। ১০

৩। (ক) 'রাজা ও রানী' নাটক অবলম্বনে সুমিত্রা চরিত্রটির পরিচয় দাও। ১০

*অথবা,*

(খ) 'রাজা ও রানী' নাটকে কুমারসেন ও ইলার উপকাহিনি কোন প্রয়োজন সিদ্ধ করেছে তা ব্যাখ্যা করো। ১০

৪। (ক) "পুন পুন গতাগতি করু ঘর পন্থ"— উদ্দিষ্ট ব্যক্তির এইরূপ আচরণের কারণ বিশ্লেষণ করো। ৫

*অথবা,*

(খ) "অবলার প্রাণ নিতে নাহি তোমা হেন"— বক্তার এইরূপ আক্ষেপের কারণ কী বুঝিয়ে বলো। ৫

৫। (ক) 'সে ত্রুটি আমারই'— ত্রুটিটি এখানে কী তা বুঝিয়ে লেখো। ৫

*অথবা,*

(খ) "পঁচিশ বছর প্রতীক্ষায় আছি"— কে কার প্রতীক্ষায় ছিলেন? তার প্রতীক্ষার ফলাফল কী হয়েছিল? ২+৩

৬। (ক) "তোমারে যে ছেড়ে যাই সে তোমারি প্রেমে"— উক্তিটির মধ্য দিয়ে বক্তার কোন মানসিকতা প্রকাশ পেয়েছে? ৫

*অথবা,*

(খ) "আমার এ জীবনের সুখ
আজি দিবসের সাথে ডুবিল পশ্চিমে!"— কার জীবনের সুখ কেন ডুবল তা বিশ্লেষণ করো। ৫

৭। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও। ৫

(ক) "এমন পিরীতি কভু নাহি দেখি শুনি"— পদে রাধাকৃষ্ণের প্রেম সম্পর্কের সঙ্গে কোন কোন প্রেমসম্পর্কের তুলনা করা হয়েছে?

(খ) "সাধারণ মেয়ে" কবিতায় মেয়েটির দুর্ভাগ্যের বিষয়ে সংক্ষেপে লেখো।

(গ) "রাজা করে পলায়ন, রাজ্য ধায় পিছে।"— অংশটির তাৎপর্য লেখো।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) "অঙ্কুর তপন তাপে যদি জারব"— পদটি কার লেখা, কোন পর্যায়ের পদ?

(খ) "মঞ্জীর' চীরহি ঝাঁপি।"— 'মঞ্জীর' শব্দটির অর্থ কী?

(গ) "তাতল সৈকত বারিবিন্দুসম সুত-মিত-রমণী সমাজে"— অংশটি চলিত গদ্যে লেখো।

(ঘ) 'অভিনব হেম কল্পতরু' কাকে বলা হয়েছে?

(ঙ) ছেলেটার পোষা কুকুরটা কীভাবে মারা গিয়েছিল?

(চ) 'প্রথম পূজা' কবিতায় কিরাত দলপতির নাম কী ছিল?

(ছ) 'বাঁশি' কবিতায় কান্তবাবুর কী বাজানোর শখ ছিল?

(জ) "আজু হাম কি পেখলুঁ নবদ্বীপ চন্দ"— এটি কোন পর্যায়ের পদ?

(ঝ) গুরুমশাই কখন মানচিত্র খুলেছেন?

(ঞ) নাদের আলি কবিকে কোন বিল দেখাতে নিয়ে যাবে বলেছিল?

(ট) কত বছরের অভিজ্ঞতায় কবির মনে হয়েছে যে কেউ কথা রাখে না?

(ঠ) বিক্রমদেব কোথাকার রাজা ছিলেন?

(ড) কুমারসেনের বাগদত্তার নাম কী?

(ঢ) নাটকের শেষে রানী সুমিত্রা রাজাকে স্বর্ণথালায় করে কী উপহার দিয়েছিলেন?

(ণ) রেবতীর সঙ্গে শেক্সপিয়রের সৃষ্ট কোন চরিত্রের মিল পাওয়া যায়?

---

# ২০১৯

## বাংলা - সাধারণ

### পেপার - GE/CC-3

### পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

**[Only for Honours Candidates.]**

১। (ক) 'বঁধু তুমি সে আমার প্রাণ।'—কোন্ পর্যায়ের পদ? রচয়িতার নাম নির্দেশ করে পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১+১+৮

*অথবা,*

(খ) অভিসার কাকে বলে? তোমার পাঠ্য অভিসার পর্যায়ের একটি পদের কাব্যসৌন্দর্য বিচার করো। ২+৮

২। (ক) "দেবতার পায়ে এই প্রথম পূজা,
এই শেষ প্রণাম।"—
প্রাসঙ্গিক কবিতাটি আলোচনা করে 'শেষ প্রণাম'-এর তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

*অথবা,*

(খ) 'দেশ দেখাচ্ছ অন্ধকারে' কবিতাটির নামকরণের তাৎপর্য আলোচনা করো। ১০

৩। (ক) ট্র্যাজেডি হিসেবে 'রাজা ও রানী' নাটকটি কতটা সার্থক সে বিষয়ে তোমার অভিমত দাও। ১০

*অথবা,*

(খ) 'রাজা ও রানী' নাটকে কুমার ও ইলার উপকাহিনিটির গুরুত্ব আলোচনা করো। ১০

৪। (ক) "পরের ছাওয়াল পাইয়া মারেন আসেন ধাইয়া
শিশু বলি দয়া নাহি তার।।"
—পদকর্তা কে? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪

*অথবা,*

(খ) "কত চতুরানন মরি মরি যাওত
ন তুয়া আদি অবসানা।"
—কোন্ পর্যায়ের পদ? অংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

Please Turn Over

৫। (ক) "কোনোদিন ব্যাঙের খাঁটি কথাই কি পেরেছি লিখতে,
আর সেই নেড়ি কুকুরের ট্র্যাজেডি!"
—উৎস নির্দেশ করে অংশটির তাৎপর্য লেখো। ৫

*অথবা,*

(খ) "শাক্ত গোধূলিতে
ভয়ঙ্কর মন্দিরে দিগম্বরী কালী,
শবাসনে তান্ত্রিকেরা স্তব্ধ,
দিনের ভাগাড়ে নামে রাত্রের শকুন।"
—প্রসঙ্গ নির্দেশ করে অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

৬। (ক) "হিংসা এই হৃদয়ের বন্ধনমুক্তির,
সুখ। হিংসা জাগরণ! হিংসা স্বাধীনতা!"
—কার উক্তি? উক্তিটির তাৎপর্য লেখো। ১+৪

*অথবা,*

(খ) "বিচারে কী শাস্তি তার করেছ বিধান?"
—কে কাকে শাস্তি দিতে চান? প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ২+৩

৭। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) টীকা লেখো— পূর্বরাগ।

(খ) "যুদ্ধ ও দুর্ভিক্ষ আসে পরস্পরের মুখে চুমু খেতে খেতে"—অংশটির তাৎপর্য আলোচনা করো।

(গ) "অন্তরে প্রেয়সী তব, বাহিরে মহিষী।"—উক্তিটির অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) "হিয়ার পরশ লাগি হিয়া মোর কান্দে"—কোন্ পর্যায়ের পদ?

(খ) "অহর্নিশি রহত অগোর।।"— 'অগোর' শব্দের অর্থ কী?

(গ) "আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ।"—পদকর্তা কে?

(ঘ) "বহুদিন পরে বঁধুয়া এলে।"— কোন্ পর্যায়ের পদ?

(ঙ) "শশধর বরিখব আগি।"— 'আগি' বলতে কী বোঝানো হয়েছে?

(চ) গোপীকান্ত গোঁসাইয়ের প্রসঙ্গ কোন্ কবিতায় আছে?

(ছ) 'সাধারণ মেয়ে' কবিতায় মেয়েটির নাম কী?

(জ) কোন্ বাড়ির ছেলেরা "লাঠি-লজেন্স দেখিয়ে দেখিয়ে চুষেছে"?

(ঝ) "বাঙলার ঘরে ঘরে গুপ্তচর এ জিজ্ঞাসা;"—কোন্ কবিতার অংশ?

(ঞ) 'ছেলেটা'-কে ডেকে এনে কে দুধ খাওয়ায়?

(ট) 'রাজা ও রানী' নাটকে চন্দ্রসেনের মহিষীর নাম কী?

(ঠ) "শাস্ত্র, নৃপ, নারী কভু বশ নাহি মানে।"—উক্তিটি কার?

(ড) 'রাজা ও রানী' নাটকটি কাকে উৎসর্গ করা হয়েছিল?

(ঢ) "...তখন সে আমাকে সংকলদাদা বলত।"—কে কাকে সংকলদাদা বলত?

(ণ) 'রাজা ও রানী' নাটকে সুমিত্রার ভাই-এর নাম কী?